

CLASS 9 MODEL ACTIVITY TASK HISTORY NEW PART 4
JULY -2021(NEW)

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

নবম শ্রেণী

ইতিহাস পার্ট -৪

১) সঠিক উত্তরটি নির্বাচন কর:-

(ক) ফরাসি বিপ্লবের সময় ফ্রান্সের রাজা ছিলেন ষোড়শ লুই। (চতুর্দশ লুই/পঞ্চদশ লুই/ষোড়শ লুই /নেপোলিয়ন)।

(খ) 'কাঁদিদ' নামক গ্রন্থটির রচয়িতা ছিলেন ভলতেয়ার। (রুশো/ভলতেয়ার/মণ্ডেস্কু/দিদেরো)

(গ) ফ্রান্সকে 'দ্রান্ত অর্থনীতির জাদুঘর' বলে মন্তব্য করেছিলেন-- অ্যাডাম স্মিথ। (নেপোলিয়ন রোবসপিয়ের/মিরাবো/অ্যাডাম স্মিথ।)

২. ক - স্তম্ভের সাথে খ - স্তম্ভ মেলাও:-

ক - স্তম্ভ।	খ-স্তম্ভ
রোবসপিয়ার	সল্লাসের শাসন
ডিউক অব ওয়েলিংটন	ইংরেজ সেনাপতি
কুটজফ	রুশ সেনাপতি

৩. দুই বা তিনটি বাক্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও:-

(ক) কারা 'ইনটেনডেন্ট' নামে পরিচিত ছিলেন?

উঃ- ফ্রান্সে প্রাক-বিপ্লব সময়ে রাজস্ব আদায়কারী কর্মচারীরা 'ইনটেনডেন্ট' নামে পরিচিত ছিল।

(খ) 'লিজিয়ন অব অনার' কি?

উঃ- 'লিজিয়ন অব অনার' হলো নেপোলিয়ন প্রবর্তিত এক বিশেষ সম্মান বা উপাধি।

(গ) 'অর্ডারস ইন কাউন্সিল' কী?

উঃ- 1806 সালের নভেম্বরে নেপোলিয়ান বার্লিন ডিক্রি মহাদেশ থেকে ব্রিটিশ বাণিজ্য বাদ দেওয়ার চেষ্টা করেছিল। ব্রিটিশ কাউন্সিল কর্তৃক অনুমোদিত সার্বভৌমের জরুরি ক্ষমতা ব্যবহার করে কাউন্সিলে জবাব দেয়।

1807 সালের নভেম্বর এবং ডিসেম্বরের এদেশে ব্রিটিশ বাণিজ্যকে বাদ দিয়ে যেকোনও বন্দরের অবরোধ ঘোষণা করা হয়েছিল। যা 'অর্ডারস ইন কাউন্সিল' নামে পরিচিত ছিল।

৪. সাত বা আটটি বাক্যে উত্তর দাওঃ-

৪. কোড নেপোলিয়ন বিষয়ে একটি টিকা লেখো।

উঃ ফরাসি সম্রাট নেপোলিয়ন বোনাপার্টের সংস্কার কর্মসূচির মধ্যে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য গুরুত্বপূর্ণ হলো 'কোড নেপোলিয়ন' বা আইনবিধির প্রবর্তন। তার শাসনকালের পূর্বে ফ্রান্সের নানা স্থানে নানা ধরনের বৈষম্যমূলক পরস্পর বিরোধী আইন প্রচলিত ছিল। নেপোলিয়ন সমগ্র ফ্রান্সে একধরনের ব্যবস্থা চালু করে। ফ্রান্সের আইন প্রবর্তনের উদ্দেশ্যে 4 জন বিশিষ্ট আইনজীবীর পরিষদ গঠন করেন। এই পরিষদের প্রচেষ্টায় দীর্ঘ চার বছরের অক্লান্ত পরিশ্রম আইন-বিধি সংকলিত হয়, যা 'কোড নেপোলিয়ন' নামে খ্যাত।

কোড নেপোলিয়ন এর গুরুত্বঃ-

i) একই আইন প্রবর্তন:

কোড নেপোলিয়নের সমগ্র ফ্রান্সে একই ধরনের আইন ব্যবস্থা চালু করেন। ফলে ফরাসির প্রশাসন একটি সুস্থিত রূপ লাভ করে।

ii) বিপ্লবের আদর্শকে রক্ষা:

ফরাসি বিপ্লবের সময় যে সমস্ত ঘোষণা ও আইনগত ব্যবস্থা প্রবর্তিত হয়েছিল, সেগুলি একটি আইনগ্রন্থে সংকলিত হয়। এইভাবে কোড নেপোলিয়ন এর প্রবর্তন বিপ্লবী আদর্শ রক্ষিত হয়েছিল।

iii) ফরাসি সমাজের বাইবেল হিসেবে স্বীকৃতি:

'কোড নেপোলিয়ন' ফ্রান্সের বুর্জোয়া শ্রেণি অধিকাংশ মানুষকে সন্তুষ্ট করতে সক্ষম হয়েছিল। এইভাবে ফরাসি সমাজের বাইবেল পরিণত হয়।

উপসংহার:-

এইভাবে 'কোড নেপোলিয়ন' -এর মাধ্যমে নেপোলিয়ন ও বিপ্লবের আদর্শগুলিকে বাস্তবায়ন করতে সচেষ্ট হয়েছিলেন। এই আইন সংহিতা কেবল ফ্রেন্সই নয়, ফ্রান্সের সীমানা ছাড়িয়ে ও ইউরোপের বিভিন্ন রাষ্ট্রীয় স্বীকৃতি পেয়েছিল। এই আইনের মাধ্যমে সকল মানুষের সমান অধিকার প্রতিষ্ঠা করা সম্ভব না হলেও, এ বিষয়ে যে আন্তরিক প্রয়াস লক্ষ্য করা গিয়েছিল তা বিশেষভাবে উল্লেখ এর দাবি রাখে।